শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# জেলা পরিষদ কার্যালয়
# নাটোর।


**www.zpnatore.gov.bd**

ফোন ঃ ০৭৭১-৬২১২৮ ফ্যাক্সঃ ০৭৭১-৬৬৮৭৮

www.zpnatore.gov.bd e-mail:ceozpnatore@gmail.com


স্মারক নংঃ ৪৬.০০.৬৯০০.০০১.৩১.০২৪.১৮- তারিখ ঃ /০৩/২০২১ খ্রিঃ

## "শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি"

নাটোর জেলা পরিষদ কর্তৃক ২০২০-২০২১ অর্থ বছরে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে শুধু মাত্র ২০২০ সালে এসএসসি এবং এইচএসসি /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ দরিদ্র ও মেধাবী ছাত্র/ ছাত্রীদের নিকট নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী ঃ

(০১) আবেদনকারীকে ২০২০ সনে অনুষ্ঠিত এস,এস,সি/এইচ,এস,সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ সহ উত্তীর্ণ হতে হবে। অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী আবেদনকারীদের ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ ৪.৫০ হলেও আবেদন করা যাবে।

(০২) ডাকযোগে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অথবা জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি আবেদন করতে হবে।

(০৩) সরাসরি অথবা ডাকযোগে ৩০-০৩-২০২১ তারিখের মধ্যে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে ১১-০৪-২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(০৪) অসচ্ছল পরিবারের মেধাবী ছাত্র/ ছাত্রীকে নাটোর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।

(০৫) আবেদনপত্রে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।

(০৬) নাটোর জেলার স্থায়ী বাসিন্দা ও পরিবারের আর্থিক অসচ্ছলতার স্বপক্ষে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(০৭) আবেদনপত্রের সাথে পরীক্ষার মার্কশীট এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অথবা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

(০৮) অসম্পূর্ন ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৭/৩/২১

(খোন্দকার ফরহাদ আহমদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নাটোর।
ফোন-০৭৭১-৬২১২৮।

স্মারক নংঃ ৪৬.০০.৬৯০০.০০১.৩১.০২৪.১৮- ৬৬(২০০) তারিখ ঃ০৭ /০৩/২০২১ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩। পরিচালক,স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপিঃ বহুল প্রচারের জন্য প্রেরিত হলো ।

৪ । জেলা প্রশাসক ......................................(সকল)।

৫ । চেয়ারম্যান, জেলা পরিষদ, নাটোর ।

৬ । প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ...............................(সকল)।

৭ । উপজেলা নির্বাহী অফিসার.........................................(সকল) নাটোর।

৮ । ............নং ওয়ার্ড সদস্য জেলা পরিষদ, নাটোর।

৯ । জেলা শিক্ষা অফিসার, নাটোর।

১০ । সম্পাদক, দৈনিক ঢাকা প্রতিদিন এবং দৈনিক নাটোরের খবর , নাটোর। তাঁকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী ৪-০৩-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে এক দিন মাত্র ছাপিয়ে প্রকাশান্তে পত্রিকার কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১১ । অফিস কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নাটোর।

জেলা পরিষদ কার্যালয়, নাটোর।

## ছাত্র/ছাত্রীর বৃত্তি ফরম

ছবি

০১। ছাত্র/ছাত্রীর নাম ঃ ..........................................................................................
পিতার নাম ঃ ..........................................................................................
মাতার নাম ঃ ..........................................................................................

যোগাযোগ- মোবাইল নম্বরঃ- . . . . . . . . . ...................
(যদি থাকে)

০২। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঃ ..........................................................................................
শ্রেণী ঃ .............................................................. বর্ষ ঃ ..............................................
বিভাগ ঃ .............................................................. ক্রমিক নং ঃ ..............................................

০৩। আবেদনকারী ছাত্র/ ছাত্রীর বিজ্ঞপ্তিতে উল্লেখিত বছরে পরীক্ষাসমূহের গ্রেড ঃ

| পরীক্ষার নাম | পরীক্ষার সন | জিপিএ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

০৪। আবেদনকারী ছাত্র/ছাত্রীর স্থায়ী ঠিকানাঃ

(ক) গ্রাম/মহল্লাঃ .............................................................. (খ) ডাকঘর ঃ ..............................................
(গ) উপজেলাঃ .............................................................. (ঘ) জেলা ঃ ..............................................

০৫। বর্তমান পত্র যোগাযোগের ঠিকানাঃ
..........................................................................................................................................
..........................................................................................................................................

০৬। অভিভাবক লেখাপড়ার ব্যয়ভার সঠিকভাবে বহন করতে সক্ষম কি- নাঃ হ্যাঁ না

০৭। সত্যপাঠঃ উল্লেখিত তথ্যাদি সঠিক মর্মে ঘোষনা করছি।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

০৮। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের মতামত/সুপারিশঃ
..........................................................................................................................................
..........................................................................................................................................

(স্বাক্ষর ও সীল)

প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান